

প্রিয় পরিবারবর্গ,

মঙ্গলবার, 5 নভেম্বর নিউ ইয়র্ক সিটির নির্বাচন দিবস। সিটির সকল নিবন্ধন বা রেজিস্টারকৃত সকল ভোটার অংশগ্রহণে যোগ্য।

আমরা সকল যোগ্য পরিবারবৃন্দ এবং ভোটদানে যোগ্য বয়সী সকল শিক্ষার্থীকে ভোটকেন্দ্রে যেতে উৎসাহ দিচ্ছি। আপনি আপনার সন্তানদের শেখাবেন যে, নিউ ইয়র্কার হিসেবে আমরা ভোটের মাধ্যমে নিউ ইয়র্ক সিটি, স্টেট এবং দেশের ভবিষ্যত পরিকল্পনায় সরাসরি অংশ গ্রহণ করতে পারি।

অতিরিক্তভাবে, প্রথমবারের মত, নিউ ইয়র্কবাসীদের আগে থেকেই ভোট প্রদান করার সুযোগ রয়েছে। শনিবার, 26 অক্টোবর, থেকে রবিবার, 3 নভেম্বর, পর্যন্ত ভোটাররা তাদের নির্ধারিত ভোটকেন্দ্রে আগে থেকেই ভোটদান বা আর্লি ভোটিং করতে পারবে। আপনার আর্লি ভোটিং-এর ভোটকেন্দ্র এবং আপনার নির্বাচনের দিনের ভোটকেন্দ্র কোথায় তা জানতে, অনুগ্রহ করে ভিজিট করুন [voting.nyc](http://voting.nyc)।

যদি আপনি রেজিস্টার করে থাকেন, অনুগ্রহ করে ভোটদানের জন্য পরিকল্পনা করুন। 5 নভেম্বর সিটির সর্বত্র ভোটকেন্দ্রগুলো সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্যন্ত খোলা থাকবে, অথবা আগে ভোটদানের সময় 26 অক্টোবর থেকে 3 নভেম্বর, 2019 পর্যন্ত (দেখুন [voting.nyc](http://voting.nyc) আগে ভোটদানের সময় অনুযায়ী খোলা থাকবে, যা দিন অনুযায়ী ভিন্ন হবে)।

আপনি একটি ভোটার গাইডেও ব্যালটে কী থাকবে সেবিষয়ে তথ্য পাবেন, যা [voting.nyc](http://voting.nyc) -সাইটে রয়েছে।

আমরা ভোটকেন্দ্রে আপনার সাথে দেখা হবার প্রত্যাশায় আছি।

বিশ্বস্ত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর